শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

০১ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

স্মারক নং- ৪৬.১৮.০০০০.                    তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২২ খ্রিষ্টাব্দ

## সভার নোটিশ

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা আগামী ১৭/১২/২০২৩ ইং তারিখ বেলা ১২.০০ টায় কমিটির সভাপতি এবং ০১ নং ওয়ার্ড কাউন্সিলর এর সভাপতিত্বে তার কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

২। উক্ত সভায় কমিটির সম্মানিত সকল সদস্যগণকে যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

(কাউন্সিলর এর নাম)
কাউন্সিলর-০১ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি-০১ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

……………………
……………………
……………………

স্মারক নং- ৪৬.১৮.০০০০.                    তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২২ খ্রিষ্টাব্দ

**বিতরণ (সদয় অবগতি এবং কার্যার্থে ):**

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।
২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।
৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।
৪। অফিস নথি।

(কাউন্সিলর এর নাম)
কাউন্সিলর-০১ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি-০১ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

০১ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

"শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি"

স্মারক নং- ৪৬.১৮.০০০০. তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ
২৭/১২/ ২০২৩ খ্রিষ্টাব্দ

## রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC)-০১ নং ওয়ার্ড ১ম সভার কার্যবিবরণী

সভাপতি : ০১ নং কাউন্সিলরের নাম:- মোঃ রফিকুল ইসলাম
রংপুর সিটি কর্পোরেশন।

পরিচালনায় : উদ্যোক্তা/ওয়ার্ড সচিবের নাম:- মোঃ হাসান আলী
০১নং ওয়ার্ড, রংপুর সিটি কর্পোরেশন।

সভার স্থান : ০১নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়।
এলাকার নাম, রংপুর সিটি কর্পোরেশন।

সময় : সকাল ১২.০০ টা

উপস্থিতি : উপস্থিত সদস্য বৃন্দের তালিকা "পরিশিষ্ট ক"

সভার শুরুতে সভাপতি মহোদয় সকলকে সালাম ও স্বাগত জানান। সভাপতি মহোদয়ের নির্দেশনা অনুযায়ী পবিত্র কোরআন থেকে তেলাওয়াত হয়। কমিটির সকল সদস্যগণকে নিজের পরিচয় দেয়ার জন্য অনুরোধ জানালে উপস্থিত সকলেই নিজের পরিচয় প্রদান করেন। সভাপতি বলেন, ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি গঠনের বিষয়ে স্থানীয় সরকার বিভাগের নির্দেশনা রয়েছে। উক্ত নির্দেশনার আলোকে এ কমিটি গঠন করা হয়েছে। অতপর সভাপতি মহোদয় সভার কার্যক্রম পরিচালনা করার জন্য ওয়ার্ড সচিবকে অনুরোধ জানান।

ওয়ার্ড সচিব জনাব মোঃ হাসান আলী সভা কার্যক্রম শুরু করেন। তিনি ওয়ার্ডলেভেল কো-অর্ডিনেশন কমিটি (CLCC) গঠনের মূল উদ্দেশ্য সম্পর্কে উপস্থিত কমিটির সদস্যগণকে অবহিত করেন। তিনি বলেন সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে যে সব সমস্যা রয়েছে সেগুলো চিহ্নিত করণ, নাগরিক সম্পৃক্ততা নিশ্চিতকরণ ইত্যাদি কার্যক্রমসমূহ এই কমিটির মাধ্যমে নগরবাসীকে অবহিত করা হবে। এবং এই কমিটির মাধ্যমে সিটি কর্পোরেশনের প্রান্তিক পর্যায়ের নাগরিকগণের প্রয়োজনীয় পরামর্শ গ্রহণ করা হবে।

ওয়ার্ড সচিব ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (WLCC) এর রুপরেখা তুলে ধরেন তিনি বলেন জাইকার সহযোগিতায় স্থানীয় সরকার বিভাগের সিটি কর্পোরেশন নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুযায়ি ক্যাপাসিটি ডেভেলপমেন্ট অব সিটি কর্পোরেশন-সিফোরসি প্রকল্পের মাধ্যমে গঠিত হয় এই ডব্লিউএলসিসি কমিটি' তিনি আরো বলেন এই কমিটিতে কাউন্সিলর মহোদয় সভাপতি, ওয়ার্ড সচিব সদস্য সচিব সদস্য হিসেবে রয়েছেন বিভিন্ন পেশাজীবি সংগঠনের প্রতিনিধি, ধর্মীয় প্রতিষ্ঠানের প্রতিনিধি, এনজিও প্রতিনিধি, ব্যবসায়ী প্রতিনিধি, গণমাধ্যমের প্রতিনিধি, সামাজিক/ সাংস্কৃতিক/যুব সংগঠনের প্রতিনিধি, সুশীল সমাজ, বেসরকারী খাত (শিল্প ও বানিজ্য), নারী প্রতিনিধি রয়েছেন।

অতঃপর ওয়ার্ড সচিব উপস্থিত সকল সদস্যগণের উদ্দেশ্যে উন্মুক্ত আলোচনা করার আহবান জানালে নিম্নরুপ আলোচনা হয়

- উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন মোঃ সফিকুল ইসলাম মিন্টু তিনি সাবেক মেম্বার এবং সুশীল সমাজের একজন প্রতিনিধি, তিনি বলেন দেশের দ্বিতীয় বৃহত্তম সিটি কর্পোরেশন রংপুর, এ সিটি কর্পোরেশনের উন্নয়ন বিচ্ছিন্নভাবে করলে সেই উন্নয়নের সুফল নাগরিকরা পাবে না, বরং নাগরিকগণের দুর্ভোগ বাড়বে এ জন্য চাই একজন দক্ষ নগরবিদ দিয়ে শত বছরের জন্য পরিকল্পনা করে সেই পরিকল্পনা মোতাবেক উন্নয়ন করা। তাহলে পরিকল্পিত নগর সেইসাথে টেকসই

- উন্মুক্ত আলোচনায় বক্তব্য দেন রংপুর তিনি রংপুর সিটি কর্পোরেশনের সিজিপি পকল্পের একজন সাবেক শিক্ষিকা জনাব মোছাঃ উম্মে মাতুন তিনি নারী প্রতিনিধি হিসেবে তাকে কমিটিতে সদস্য রাখার জন্য ধন্যবাদ জানান। তিনি রংপুর সিটি কর্পোরেশনের মাধ্যমে সামাজিক উন্নয়নমুলক কর্মকান্ডকে আরো গতিশীল করতে এবং নারীর ক্ষমতায়ন নারী শিক্ষা, নারীর স্বাস্থ্য, নারীদের সামাজিক উন্নয়ন কর্মসুচির মাধ্যমে নারীদের জীবনমান উন্নয়নের জন্য অনুরোধ করেন।

- জনাব দেলোয়ার হোসেন সিটিজেন জার্নালিস্ট, এবং গণমাধ্যমকর্মী তিনি বলেন ১ নং ওয়ার্ডের পুরাতন রাস্তাটির বেহাল অবস্থায় আছে, এই রাস্তাদিয়ে প্রতিদিন অসংখ্য গাড়ী এবং লোকজন যাতায়ত করেন। অতি দ্রুত এই রাস্তাটি রক্ষনাবেক্ষন খুবেই জরুরী, এবং ১ নং ওয়ার্ডে এখনো যেসব রাস্তা এখনো কাচা আছে সেগুলো দ্রুত পাকাকরন এর আওতায় নিয়ে আসা যায় সেই ব্যাবস্থা করার জন্য মেয়র মহাদয়ের দৃষ্টি আকর্ষন করেন।

- বিশিষ্ট সমাজ সেবক জনাব মোঃ আনারুল ইসলাম তিনি বলেন বাংলাদেশের যে কোন যায়গায় জন্ম নিবন্ধন করার জন্য মানুষকে অনেক হয়রানি হতে হচ্ছে এর থেকে রংপুর সিটি কর্পোরেশন ও কম নয় এর জন্য যাই ওয়ার্ড পর্যায়ে পাসওয়ার্ড প্রদান করে সেখানেই তৎখনাত এই সার্ভিসটি দেয়া। এবর পাশাপাশি রংপুর সিটির যাবতীয় কার্যক্রম যদি ওয়ার্ড পর্যায়ে প্রদান করা হয় তাহলে নাগরিক সুবিধা বৃদ্ধির পাশাপাশি জনগনের দরজায় সেবা পৌছানো সম্ভব হবে।

- জনাব মোঃ এজাজুল ইসলাম তিনি একজন নিম্ন আয়ের প্রতিনিধি তিনি বলেন যে, রংপুর ২য় বৃহত্তম সিটি কর্পোরেশন হয়ে লাভ কি এখানে নেই কোন কর্ম সংস্থানের ব্যাবস্থা নেই । বর্ধিত ওয়ার্ড সমূহের উন্নয়ন সমভাবে হচ্ছেনা এখনকার জনগন এখোনো সিটি কর্পোরেশনের সুযোগ সুবিধা সমভাবে পাচ্ছেনা। তাই মেয়র মহাদয়ের কাছে আমাদের আবেদন সিটি কর্পোরেশনের উন্নয়ন তহবিল যেন প্রতিটা ওয়ার্ডে সমভাবে বন্টন হয় সে দিকে যেন সু নজর প্রদান করেন।

বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ০১ | ১নং ওয়ার্ডে যে সকল কাচা রাস্তা আছে সেগুলো দ্রুত সময়ে পাকাকরন করতে হবে এবং যেগুলো পাকা রাস্তা নষ্ট হয়েছে সেগুলোর রক্ষনাবেক্ষন করতে হবে। | |
| ০২ | সিটি কর্পোরেশনের উন্নয়ন পরিকল্পনায় বর্ধিত ওয়ার্ড সমূহকে বেশি প্রাধান্য দিয়ে সকল ওয়ার্ডের সমভাবে উন্নয়ন করতে হবে। এবং ১ নং ওয়ার্ডের যেসব নাগরিক সমস্যা আছে সেগুলোর সমাধান করতে হবে। | |
| ০৩ | রংপুর সিটি কপোরেশনের ১ নংওয়ার্ডের জনগন সহ রংপুর সিটির সকল বেকার জনগনের কর্ম সংস্থান সমস্যার সমাধান করতে হবে। | |

পরিশেষে এ কমিটির (WLCC) সদস্যদের পরামর্শ অনুযায়ী কার্যক্রম পরিচালনা এবং সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ রফিকুল ইসলাম
কাউন্সিলর
ওয়ার্ড নং-০১
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর

(মোঃ রফিকুল ইসলাম)
কাউন্সিলর-০১ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি-০১ নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

স্মারক নং- ৪৬.১৮.০০০০.

তারিখঃ ১৪৩০ বঙ্গাব্দ / ২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি ( জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন।

২। সহকারী প্রোগ্রামার, রংপুর সিটি কর্পোরেশন।

৩। প্রধান সহকারী, রংপুর সিটি কর্পোরেশন।

৪। অফিস নথি।

মোঃ রফিকুল ইসলাম
কাউন্সিলর
ওয়ার্ড নং-০১
রংপুর সিটি কর্পোরেশন, রংপুর

(মোঃ রফিকুল ইসলাম)
কাউন্সিলর-০১ নং ওয়ার্ড
ও সভাপতি
ডব্লিউএলসিসি-০১নং ওয়ার্ড
রংপুর সিটি কর্পোরেশন

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

০১ নং ওয়ার্ড কাউন্সিলরের কার্যালয়
রংপুর সিটি কর্পোরেশন
রংপুর।
www.rpcc.gov.bd

স্থানীয় সরকার বিভাগ কর্তৃক সিটি কর্পোরেশনের নাগরিক সম্পৃক্তকরণ নির্দেশিকা অনুসারে রংপুর সিটি কর্পোরেশনের ওয়ার্ড পর্যায়ে গঠিত ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটি (ডব্লিউএলসিসি) এর সভা

সভার তারিখঃ ১৭/১২/২০২৩ খ্রী.

| ক্রম | কমিটির সদস্যগণের নাম লিখবেন | পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১ | মোঃ রফিকুল ইসলাম | সভাপতি | |
| ০২ | মোছাঃ দিলারা বেগম | সহ- সভাপতি | |
| ০৩ | মোঃ ভুট্টু মিয়া | সদস্য | |
| ০৪ | মোঃ এজাজুল ইসলাম | সদস্য | |
| ০৫ | মোঃ সফিকুল ইসলাম মিন্টু | সদস্য | |
| ০৬ | মোঃ সিরাজুল ইসলাম | সদস্য | |
| ০৭ | মোঃ আব্দুল মালেক | সদস্য | |
| ০৮ | মোঃ মামুন মিয়া | সদস্য | |
| ০৯ | মোছাঃ বিথি আক্তার | সদস্য | |
| ১০ | মোঃ ওমর ফারুক | সদস্য | |
| ১১ | মোঃ আনারুল ইসলাম | সদস্য | |
| ১২ | মোঃ নুরুন্নবী | সদস্য | |
| ১৩ | মোঃ লিটন মিয়া | সদস্য | |
| ১৪ | মোছাঃ উম্মে খাতুন | সদস্য | |
| ১৫ | মোছাঃ মনিরা বেগম | সদস্য | |
| ১৬ | মোঃ সমসের আলী | সদস্য | |
| ১৭ | মোঃ দেলোয়ার হোসেন | সদস্য | |
| ১৮ | মোঃ হাসান আলী | সদস্য সচিব | |


JICA
ওয়ার্ড লেভেল কো-অর্ডিনেশন কমিটির সভা
সিটি কর্পোরেশন পরিচালনা ব্যবস্থা (গভর্ন্যান্স) উন্নয়ন কৌশলপত্র ২০৩০
সভাপতি
জনাব মোঃ রফিকুল ইসলাম
কাউন্সিলর, ওয়ার্ড নং: ০১
রংপুর সিটি কর্পোরেশন
আয়োজনে : রংপুর সিটি কর্পোরেশন